

দুটি সন্তানের বেশি নয়
একটি হলে ভাল হয়।

২৭ পৌষ ১৪২৩

তারিখ : ৩০ জানুয়ারি ২০১৭

স্মারক নং- পপ/প্রশা-১/বিবিধ-৩৭৯/১৭/১১১

বিষয় : বদলি সংক্রান্ত আবেদন প্রেরণ প্রসঙ্গে।

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন সকল পর্যায়ে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের মধ্য থেকে কিছু কিছু কর্মকর্তা ও কর্মচারী স্থানীয় কর্তৃপক্ষের অগ্রায়ণ/সুপারিশ ব্যতিরেকে বদলির আবেদন সরাসরি জেলা/বিভাগ/পরিবার পরিকল্পনা অধিদপ্তরে প্রেরণ করেন। যা, সরকারী কর্মচারী (আরচণ) বিধিমালা, ১৯৭৯ অনুচ্ছেদ ৩০ এর পরিপন্থী।

অনুচ্ছেদ = ৩০

“সরকারী কর্মচারী তার চাকুরী সংক্রান্ত কোন দাবীর সমর্থনে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সরকার বা কোন সরকারী কর্মকর্তা ও কর্মচারীর আবেদনের উপর কোন রাজনৈতিক বা অন্য কোন বহিঃপ্রভাব খাটাতে পারবেন না”।

- ২। অগ্রায়নকারী কর্তৃপক্ষ বদলির আবেদন অগ্রায়নের সময় বদলির যৌক্তিকতা ও অন্যান্য কারন লিপিবদ্ধ করবেন আবেদনকারী শূন্যতা কিভাবে পূরন করবেন এবং বদলি প্রার্থীর বর্তমান দায়িত্ব পালনে স্থানীয়ভাবে কি ব্যবস্থা গ্রহন করা হবে তাও উল্লেখ করে অগ্রায়ন পত্র প্রেরণ করবেন।
 - ৩। এমতাবস্থায়, এ পত্র জারীর পর থেকে সকল কর্মকর্তা ও কর্মচারীকে উল্লিখিত বিধিমালা অনুসরণপূর্বক বদলির আবেদন দাখিল / প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
 - ৪। এ বিষয়টি ব্যত্যয় ঘটলে তা তাঁর ব্যক্তিগত নথিতে সংরক্ষন করা হবে।
- মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে

শেখ মোঃ শামীম ইকবাল

অতিরিক্ত সচিব

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

ও

মহাপরিচালক (ভারপ্রাপ্ত)

পরিবার পরিকল্পনা অধিদপ্তর।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে।

১। পরিচালক (সকল) -----, এ অধিদপ্তর।

- ২। পরিচালক (এমআইএস): পরিপত্রটি পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
- ৩। পরিচালক (পরিবার পরিকল্পনা), ----- বিভাগ।
- ৪। পরিচালক (এমএফএসটিসি), মোহাম্মদপুর ফার্মিটি সার্ভিসেস এন্ড ট্রেনিং সেন্টার, মোহাম্মদপুর, ঢাকা।
- ৫। তত্ত্বাবধায়ক (এমসিএইচটিআই), আজিমপুর, ঢাকা।
- ৬। অতিরিক্ত পরিচালক (ড্রাগস এন্ড স্টোরস), কেন্দ্রীয় পন্যাগার, পরিবার পরিকল্পনা, মহাখালী, ঢাকা।
- ৭। উপ-পরিচালক (সকল), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, ----- জেলা।
- ৮। অধ্যক্ষ, এফডব্লিউভিটিআই, আজিমপুর, ঢাকা।

তাঁর অধীনস্থ সকল কর্মকর্তা ও কর্মচারীকে অবহিত এবং গার্ড ফাইলে সংরক্ষণ করার জন্য অনুরোধ করা হলো।